



শুভেন্দু অধিকারী হচ্ছেন পশ্চিমবঙ্গের নতুন মুখ্যমন্ত্রী



শুভেন্দু অধিকারী। ছবি: সংগৃহীত

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসেবে বিজেপি নেতা শুভেন্দু অধিকারীর নাম আলোচনায় এসেছে। সদ্য অনুষ্ঠিত বিধানসভা নির্বাচনে তিনি বিপুল ভোটে জয়ী হন বলে দলীয় সূত্রের দাবি। এতে রাজ্যে প্রথমবারের মতো বিজেপি সরকার গঠনের সম্ভাবনা তৈরি হয়েছে। নতুন মন্ত্রিসভায় দুইজন উপমুখ্যমন্ত্রী রাখার বিষয়টিও বিবেচনায় রয়েছে। শুক্রবার (৮ মে) বিজেপির অভ্যন্তরীণ সূত্রের বরাতে এ তথ্য প্রকাশ করেছে এনডিটিভি।

দলীয় সূত্র জানায়, পশ্চিমবঙ্গে দীর্ঘদিন উপমুখ্যমন্ত্রী পদ ছিল না। শেষবার এই পদে ছিলেন বুদ্ধদেব ভট্টাচার্য, জ্যোতি বসুর সরকারের সময়। এরপর বহু বছর ধরে এই পদটি আর চালু হয়নি।

প্রস্তাবিত দুই উপমুখ্যমন্ত্রীর মধ্যে একজন নারী নেত্রী এবং একজন উত্তরবঙ্গের প্রতিনিধি হতে পারেন। আসানসোল দক্ষিণের অগ্নিমিত্রা পাল ও শিলিগুড়ির শংকর ঘোষের নাম সবচেয়ে বেশি আলোচনায় রয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ তাদের সঙ্গে আলাদাভাবে বৈঠক করেছেন বলেও জানা গেছে।

দলীয় নেতৃত্ব চূড়ান্ত সিদ্ধান্ত নিতে শুক্রবার সন্ধ্যায় নবনির্বাচিত বিধায়কদের বৈঠকে বসবে। সেখানে শুভেন্দু অধিকারীর নাম মুখ্যমন্ত্রী হিসেবে প্রস্তাব করা হতে পারে।

সবকিছু ঠিক থাকলে কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে শপথগ্রহণ অনুষ্ঠান আয়োজন করা হবে। এতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও এনডিএ-শাসিত রাজ্যের মুখ্যমন্ত্রীদের উপস্থিত থাকার সম্ভাবনা রয়েছে।